



বিরোধীদলীয় নেতার সঙ্গে ইরানের রাষ্ট্রদূতের বৈঠক



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত ড. জালিল রহিমি জাহানাবাদি। বুধবার (১৭ জুন) সকাল সাড়ে ১১টায় জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে উপস্থিত ছিলেন ইরান দূতাবাসের ফার্স্ট কাউন্সেলর এসরাফিল আমিরি গোরজাদিনি, কালচারাল কাউন্সেলর মাহদি মোলারস এবং মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স কর্মকর্তা মাহফুজুল হক। বৈঠকে দুই দেশের সম্পর্ক, বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি, স্বাস্থ্যসেবা ও মুসলিম বিশ্বের বিভিন্ন সমসাময়িক বিষয় নিয়ে মতবিনিময় হয়। আলোচনার শুরুতে ডা. শফিকুর রহমানকে বিরোধীদলীয় নেতা নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান ইরানের রাষ্ট্রদূত। একইসঙ্গে আদর্শভিত্তিক রাজনৈতিক কার্যক্রমে জামায়াতের ভূমিকারও প্রশংসা করেন তিনি।

বৈঠকে সাম্প্রতিক সংঘাতে প্রাণহানির ঘটনায় ইরানের জনগণের প্রতি সমবেদনা জানান ডা. শফিকুর রহমান। তিনি নিহতদের জন্য দোয়া করেন এবং যুদ্ধের ক্ষয়ক্ষতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। পাশাপাশি শান্তি প্রতিষ্ঠার উদ্যোগ ও চলমান আলোচনায় ইরানের ভূমিকার প্রশংসা করেন।

দুই পক্ষের আলোচনায় পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠন, ঢাকা-তেহরান সরাসরি ফ্লাইট চালু, মেডিকেল টুরিজম সম্প্রসারণ এবং বাংলাদেশে আন্তর্জাতিক মানের হাসপাতাল প্রতিষ্ঠার সম্ভাবনাও উঠে আসে।

বৈঠকে বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর উপস্থিত ছিলেন। রাষ্ট্রদূত জাহানাবাদি দুই দেশের বাণিজ্য, শিক্ষা, সংস্কৃতি ও জনসম্পৃক্ততা আরও বাড়ানোর বিষয়ে ইরানের আগ্রহের কথা পুনর্ব্যক্ত করেন।